**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-11-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**BJP Namo Yuba Yatra-CM :**

ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে আয়োজিত নমো যুব যাত্রার গতকাল সমাপ্তি হয়। আগরতলায় নমো যুব যাত্রার সমাপ্তি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের যুব সম্প্রদায়ের সঙ্গে নিয়ে ২০৪৭ সালের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির স্বপ্নের বিকশিত ভারতের দিকে এগিয়ে চলছে রাজ্য সরকার। এই ঐতিহাসিক নমো যুব যাত্রা রাজ্যের যুবাদের নতুনভাবে অনুপ্রাণিত করেছে বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

সমাবেশে বক্তব্য রাখেন প্রদেশ বিজেপি সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রদেশ যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, উল্লেখ্য প্রদেশ যুব মোর্চার নমো যুব যাত্রা গত ২০শে নভেম্বর সাব্রুম থেকে শুরু হয়ে রাজ্যের ১০টি সাংগঠনিক জেলা পরিক্রমার পর গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে এসে শেষ হয়। এর আগে আগরতলার এলবার্ট এক্কা পার্কের সামনে থেকে একটি বাইক র‍্যালী শুরু হয়।

*********************

**India-Bangladesh :**

বাংলাদেশে হিন্দু সহ সমস্ত সম্প্রদায়ের নিরাপত্তা সুনিশ্চিত করতে এবং তাদের ধর্মীয় স্থানগুলি সুরক্ষার জন্য ভারত সরকার/বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং গতকাল রাজ্যসভায় একথা জানান।

তিনি জানান, সে দেশে সংখ্যালঘু সহ সকল নাগরিকের জীবন-সম্পত্তি ও অধিকার রক্ষার প্রাথমিক দায়িত্ব বাংলাদেশ সরকারের।

*********************

**Fishery Minister :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, রাজ্যকে মৎস্য উৎপাদনে স্বনির্ভর করতে রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। এই লক্ষ্যে রাজ্যের মৎস্যচাষিদের বিভিন্ন প্রকল্পে সহায়তা দেওয়া হচ্ছে। তাছাড়াও রাজ্যে মৎস্য চাষের এলাকা সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল সুকান্ত একাডেমির অডিটোরিয়ামে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক মৎস্যচাষিদের মধ্যে বিভিন্ন প্রকল্পে সহায়তা প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মৎস্যমন্ত্রী বলেন, রাজ্যে এখন প্রায় ৩২ হাজার মেট্রিকটন মাছের চাহিদা রয়েছে। বহিরাজ্য থেকে চাহিদা অনুযায়ী মাছ আমদানি করতে হচ্ছে।

তিনি আশা প্রকাশ করেন এই সহায়তা নিয়ে মৎস্যচাষিরা স্বনির্ভর হয়ে উঠবেন। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় রাজ্যের মৎস্যচাষিদের মাছ বাজারজাতকরণ ও সংরক্ষণের জন্য ভর্তুকিমূল্যে আইস বক্স সহ ৩ চাকা ও ৪ চাকার গাড়ি দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে পৌরহিত্য করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী।

*********************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারতের প্রতিরক্ষা সক্ষমতা বিশ্বের নজর কেড়েছে। ওয়েলিংটন উটির ডিফেন্স সার্ভিস স্টাফ ট্রেনিং কলেজে বক্তৃতা দেওয়ার সময় তিনি আরো বলেন ভারতীয় প্রতিরক্ষা বাহিনী সমস্ত ক্ষেত্রে একটি শক্তিশালী মহিলা বাহিনী পেয়ে গর্বিত। ভারত আন্তর্জাতিক শান্তির পক্ষে দাঁড়িয়েছে

বলে তিনি অভিমত ব্যক্ত করেন। তিনি বলেন, সশস্ত্র বাহিনীকে ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় প্রস্তুত রাখতে ভারত স্বদেশীকরণ এবং আত্মনির্ভরতার দিকে এগিয়ে যাচ্ছে। সশস্ত্র বাহিনীতে মহিলাদের আরো বেশি সংখ্যায় যোগদানের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি।

*********************

**Traffic-Sepahijala :**

পরিবহণ দপ্তরের পক্ষ থেকে সিপাহীজলা জেলা ট্রাফিক শাখাকে বিশেষ গাড়ি প্রদান করা হয়েছে। যা ব্যবহার করে যানবাহন চালনায় নিয়ম ভঙ্গকারীদের বিরুদ্ধে খুব দ্রুত ব্যবস্থা নেওয়া যাবে। ইতিমধ্যে এই জেলার ট্রাফিক ইউনিটের কর্মীরা এই বিশেষ গাড়ির সাহায্যে অভিযান শুরু করেছে। প্রতিদিন যেভাবে যান দুর্ঘটনা বেড়ে চলছে তাতে কিছুটা লাগাম টানার জন্যই সরকারের এই উদ্যোগ। এই ভ্যানটিতে রয়েছে অত্যাধুনিক মানের ২টি ক্যামেরা। তিন কিলোমিটার পর্যন্ত দূরত্ব এই শক্তিশালী ক্যামেরাগুলির আওতায় রয়েছে। ভেতরে থাকা কম্পিউটারে আধুনিক সফটওয়্যারের মাধ্যমে ট্রাফিক নিয়ম ভঙ্গকারীকে সঙ্গে সঙ্গেই প্রদান করা যায় ই-চালান। এই গাড়িটি ব্যবহার করে ওভার স্পীড, ওভার লোডিং, ওভার টেকিং, যান চালানোর সময় মোবাইল ফোনের ব্যবহার সহ ট্রাফিক নিয়ম লঙঘনের মতো আরো বিভিন্ন বিষয় চিহ্নিত করা যায় বলে জানিয়েছেন সিপাহীজলা জেলা ট্র্যাফিক ইউনিটে কর্মরত কনস্টেবল শ্রীকান্ত দেবনাথ। এই আধুনিক প্রযুক্তি সমন্বিত গাড়িটি পরিচালনার জন্য তাদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

*********************

**Literacy programme:**

উল্লাস নব ভারত সাক্ষরতা কার্যক্রম কর্মসূচিতে গতকাল  ধলাই জেলার কুলাই কলোনি উচ্চ বিদ্যালয়ে নতুন স্বাক্ষর ব্যক্তিদের সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন  হয় । ধলাই জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের উদ্যোগে এবং এনআইএলপি ধলাই ও এস এল এম এ ত্রিপুরার সহযোগিতায় আয়োজিত হয় এই অনুষ্ঠানের আনুষ্ঠানিক সূচনা করেন ধলাই জেলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস। অনুষ্ঠানে জেলা শিক্ষা আধিকারিক শ্রী যতন কুমার দেববর্মা জানান, রাজ্যে প্রথম ধলাই জেলা নতুন স্বাক্ষরদের সংবর্ধনা প্রদান করেছে। এদিন অনুষ্ঠানে ৫৯ জন নতুন স্বাক্ষরদের সংবর্ধনা প্রদান করা হয়। ২০২৪ সালে ধলাই জেলার ব্লক গুলি থেকে সাক্ষরতা পরীক্ষায় ১০৯৮ জন অংশগ্রহণ করে। এর মধ্যে ৫৯ জন পরীক্ষায় উত্তীর্ণ হয় বলে তিনি জানান।

*********************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা ছিল আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৯ ডিগ্রির কাছাকাছি।

*********************

**All tripura blind committee:**

গুয়াহাটি আন্তর্জাতিক স্টেডিয়ামে অনুষ্ঠিত উত্তর পূর্ব প্যারা স্পোর্টস টুর্নামেন্টে ভাল ফলাফল করেছে রাজ্যের  দৃষ্টিহীন অ্যাথলেটগন।  অল  ত্রিপুরা ব্লাইন্ড কমিটির পক্ষ থেকে জানানো হয়, প্রতিযোগিতায় রাজ্যের পাঁচজন দৃষ্টিহীন অ্যাথলেটিক্স অংশ নিয়েছেন । এই প্রতিযোগিতায় ত্রিপুরার দৃষ্টিহীন অ্যাথলেট

মোহম্মদ আমজাদ হোসেন ১০০, ৪০০ ও ১৫০০ মিটার দৌড়ে সবকটি বিভাগে স্বর্ণ পদক পেয়েছেন। অপর অ্যাথলেট সুশান্ত নম: ১০০ মিটার দৌড়ে স্বর্ণ পদক ও শট পুটে দ্বিতীয় হয়ে সিলভার পদক লাভ করেন এবং গতকাল রাতে ২০০ মিটার দৌড়ে ব্রোঞ্জ পদক লাভ করেছেন। অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটি এই সাফল্যে সন্তোষ প্রকাশ করেছে। উল্লেখ্য, গত ২৭ শে নভেম্বর থেকে শুরু হওয়া প্যারা স্পোর্টস টুর্নামেন্টের আজ সমাপ্তি হবে।

*********************

*********************